



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক  
RESERVE BANK OF INDIA  
[www.rbi.org.in](http://www.rbi.org.in)

আরবিআই/২০১২-১৩/১৯১  
ডিবিওডি.নং.লেগ.বিসি.৩৮/০৯.০৭.০০৫/২০১২-১৩

সেপ্টেম্বর ৫, ২০১২

সমস্ত তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক  
(আরআরবি ব্যতীত)

প্রিয় মহাশয়,

দৃষ্টি প্রতিবন্ধী / অন্যান্য প্রতিবন্ধীদের জন্য ব্যাঙ্কিং সুবিধা

অনুগ্রহ করে আমাদের জুন ৪, ২০০৮ তারিখের শিরোনামাঙ্কিত বিষয়ের ওপর সার্কুলার ডিবিওডি.নং.লেগ.বিসি.৯১/০৯.০৭.০০৫/২০০৭-০৮ দেখবেন যেখানে নির্দেশ দেওয়া হয়েছে যে সব রকম ব্যাঙ্কিং সুবিধা যেমন তৃতীয় পক্ষকে প্রদানযোগ্য চেক সহ চেক বই, এটিএম, নেট ব্যাঙ্কিং, লকার, খুচরো ঋণ, ক্রেডিট কার্ড ইত্যাদির সুবিধা অবশ্য করেই পক্ষপাতহীনভাবে দৃষ্টি প্রতিবন্ধী মানুষদের দিতে হবে কেননা তাঁরা আইনত চুক্তি করতে সমর্থ। তদুপরি, আরও দেখুন এপ্রিল ১৩, ২০০৯ তারিখের সার্কুলার ডিবিওডি.নং.লেগ.বিসি.১২৩/০৯.০৭.০০৫/২০০৮-০৯ যেখানে ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে সমস্ত বর্তমান এটিএম / ভবিষ্যতের এটিএমগুলিতে রম্পের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে এবং নতুন এটিএমগুলির অন্তত এক তৃতীয়াংশকে ব্রেইল কিপ্যাডসহ কথা বলা এটিএম হিসাবে স্থাপন করতে।

২. প্রতিবন্ধীদের জন্য মুখ্য কমিশনারের কার্যালয় কর্তৃক আমাদের নজরে আনা হয়েছে যে দৃষ্টি প্রতিবন্ধীরা ইনটারনেট ব্যাঙ্কিং-এর মতো ব্যাঙ্কিং সুবিধা গ্রহণ করতে গিয়ে সমস্যার সন্মুখীন হচ্ছেন। সেই কারণে ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হচ্ছে উপরের সার্কুলারের অন্তর্গত নির্দেশগুলি কঠোরভাবে পালন করতে এবং দৃষ্টিহীন, ঋণ দৃষ্টি এবং অন্যান্য প্রতিবন্ধীদের জন্য সমস্ত ব্যাঙ্কিং সুবিধা প্রসারিত করতে।

আপনার বিশ্বস্ত,

(রাজেশ ভার্মা)  
মুখ্য মহা প্রবন্ধক